



ন্যাশনাল ইনস্টিটিউট অফ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এন্ড রিসার্চ (নিটার)

নয়ারহাট, সাভার, ঢাকা

স্মারক নং- নিটার/পরীক্ষা/বি.এসসি./২০২১/০৮৭

তারিখঃ ২৯ আগস্ট, ২০২১

ফর্ম পূরণের জরুরী বিজ্ঞপ্তি

ইনস্টিটিউটের বি.এসসি ইন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং (ইইই) কোর্সের ছাত্র-ছাত্রী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১ম বর্ষ ১ম সেমিস্টার (লেভেল-১ টার্ম-১) পরীক্ষা-২০২০ অনলাইনে এন্ট্রি ফর্ম পূরণ ঢাকা বিশ্ববিদ্যালয়ের www.ducmc.com লিংকে প্রবেশ করে নির্দেশনা অনুযায়ী সম্পূর্ণ তথ্য দিয়ে আগামী ০৫ সেপ্টেম্বর, ২০২১ তারিখের মধ্যে আবশ্যিকভাবে সম্পন্ন করতে হবে। নির্ধারিত সময়ের পর সার্ভার স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে তাই উল্লেখিত সময়ের পর আর কোনো ছাত্র-ছাত্রী পরীক্ষার ফর্ম পূরণ করতে পারবে না। এ জন্য নির্ধারিত সময়ের মধ্যে সকল ছাত্র-ছাত্রীদের অনলাইনে ফর্ম পূরণ করার জন্য বলা হলো।

ফর্ম পূরণের নির্দেশনা:


১. ১ম বর্ষ ১ম সেমিস্টার (লেভেল-১ টার্ম-১) পরীক্ষার এন্ট্রি ফর্ম পূরণের জন্য পূর্ববর্তী বকেয়াসহ সংশ্লিষ্ট শিক্ষাবছরের ৩ টি কিস্তির টিউশন ফি ও নিম্নলিখিত ছক অনুযায়ী প্রযোজ্য পরীক্ষার ফি আগামী ০৫ সেপ্টেম্বর, ২০২১ তারিখের মধ্যে আবশ্যিকভাবে পরিশোধ করতে হবে।
২. পরীক্ষার ফি ও টিউশন ফি নিকটস্থ যেকোনো ব্যাংক শাখা হতে নিম্নলিখিত যেকোনো ব্যাংক হিসাবে জমা প্রদান করতে হবে।
৩. টিউশন ফি ও পরীক্ষার ফি জমা প্রদানের ব্যাংক রশিদের মূল কপি স্ক্যান করে সংশ্লিষ্ট কোর্স কো-অর্ডিনেটরের ই-মেইলে ০৫ সেপ্টেম্বর, ২০২১ তারিখের মধ্যে আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে।
৪. টিউশন ফি সমন্বয়ের লক্ষ্যে পরবর্তীতে নিটারের হিসাব শাখায় উক্ত ব্যাংক রশিদের মূল কপি জমা দিতে হবে।
৫. ছাত্র-ছাত্রীদের অনলাইনে পূরণকৃত পরীক্ষার ফর্ম নিটার যথাযথভাবে যাচাই-বাচাই করে ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করবে।
৬. কোনো ছাত্র-ছাত্রী টিউশন ফি ও প্রযোজ্য পরীক্ষার ফি নিয়মানুযায়ী জমা না দিলে তার পরীক্ষার ফর্ম ঢাকা বিশ্ববিদ্যালয়ে জমা দেয়া হবে না।

ব্যাংক হিসাব ও শাখা:

ক্রম.	ব্যাংকের নাম	শাখার নাম	হিসাব নম্বর	হিসাবের নাম
১.	ডাচ বাংলা ব্যাংক লিঃ	সাভার পল্লী বিদ্যুৎ শাখা	২৭০১১০০০০২০৬২	ন্যাশনাল ইনস্টিটিউট অফ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এন্ড রিসার্চ (নিটার)
২.	এক্সিম ব্যাংক লিমিটেড	নয়ারহাট শাখা	০৮১১১১০০০৩৫০৬৯	
৩.	জনতা ব্যাংক লিমিটেড	নয়ারহাট শাখা	০১০০১০৬৪৯৬৭৯৪	

পরীক্ষার ফি (পরীক্ষার্থী প্রতি)

ক্রম.	ছাত্র-ছাত্রীর ধরন	মোট টাকা
ক.	নিয়মিত পরীক্ষার্থীর ফি	৪,৭৫০/-


২৯/০৮/২০২১
দেলোয়ার হোসেন
সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক

বিতরণঃ

- ১। কোর্স কো-অর্ডিনেটর, ইইই লে-১, নিটার (ছাত্র-ছাত্রীদের ই-মেইলে প্রেরণের জন্য)

অনুলিপিঃ

- ১। এডভাইজার অফিস, নিটার (উপদেষ্টা মহোদয়ের অবগতির জন্য)।
- ২। অধ্যক্ষ অফিস, নিটার (অধ্যক্ষ মহোদয়ের অবগতির জন্য)।
- ৩। হিসাব শাখা, নিটার (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
- ৪। রেজিস্ট্রার দপ্তর, নিটার।
- ৫। ওয়েবসাইট, নিটার।

সংযুক্তি: অনলাইনে ফর্ম পূরণের ঢাকা বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা কপি।